দৈনিক ইত্তেফাক

তারিখ 05 AUG 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

16

ছাত্রদের প্রতি প্রধানমন্ত্রী

# সন্ত্রাসের বিরুদ্ধে সংগ্রাম কর

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সন্ত্রাসবাদের বিরুদ্ধে সংগ্রাম করার জন্য ছাত্রসমাজের প্রতি আহ্বান জানাইয়াছেন। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় সুগন্ধায় ঢাকসু ভিপি নাজিমউদ্দিনের নেতৃত্বে বিভিন্ন ছাত্র সংগঠনের তিনশতাধিক নেতা কর্মীর জাতীয়তাবাদী ছাত্র দলে যোগদান উপ-

(১১শ পৃ: ১-এর ক: দ্র:)

## প্রধানমন্ত্রী

(১ম পৃ: পর)

লক্ষে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদের গণতন্ত্র প্রতিষ্ঠায় নয়বছর যে চেতনা লইয়া স্বৈরাচার বিরোধী আন্দোলন করা হইয়াছে, অনুরূপ চেতনা লইয়া সন্ত্রাস দূর করার সংগ্রাম করার পরামর্শ দিয়া বলেন, অন্যথায় কোন উন্নয়ন কর্মসূচীরই সফল বাস্তবায়ন দুরূহ হইবে। বেগম জিয়া বলেন, "জাতিকে অগ্রগতির পথে পরিচালনার জন্য আমাদেরকে সম্মিলিতভাবে বেকার সমস্যার সমাধান ও অশিক্ষা দূর করিতে হইবে।"

বেগম জিয়া গণতন্ত্রকে সংহতকরণে সহায়তা করিতে সকল শ্রেণীর লোকের ঐক্যবদ্ধ হওয়ার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। এপ্রসঙ্গে তিনি বলেন, "বিএনপি বহু-দলীয় গণতন্ত্রে বিশ্বাস করে এবং গঠনমূলক সমালোচনাকে স্বাগত জানায়।" তিনি বলেন, "আমাদের ত্রুটি-বিচ্যুতি ধরাইয়া দিলে আমরা শোধরানোর ব্যবস্থা করিব।"

বেগম জিয়া বলেন, "বিএনপি সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাস করে এবং ধর্মীয় বিশ্বাস নির্বিশেষে সকলকে সমভাবে দেখে।" তিনি দেশের স্বাধীনতা-যুদ্ধে গোটা জাতির অবদানের কথাও স্মরণ করেন।

প্রধানমন্ত্রী বেগম জিয়া বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য একটি আবাসিক হল নির্মাণ করা হইবে এবং ছাত্রদের জন্য আরেকটি আবাসিক হল নির্মাণের দাবী পরে বিবেচনা করা হইবে। তিনি ক্যাম্পাস হাঙ্গামায় নিহত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র ফারুকের পরিবারকে সাহায্য দানেরও আশ্বাস দেন।